15

দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 JUL 1997
পৃষ্ঠা: ৩ কলাম ৩

# মন্ত্রণালয়ের সিদ্ধান্তহীনতায় গ্রন্থাগারিকদের মধ্যে হতাশা

**স্টাফ রিপোর্টার ॥** সংস্থাপন মন্ত্রণালয়ের সিদ্ধান্তহীনতায় বিভিন্ন মন্ত্রণালয়ে কর্মরত গ্রন্থাগারিকগণ চরম হতাশাগ্রস্ত হয়ে পড়েছে।

সচিবালয়ের মন্ত্রণালয়ভুক্ত লাইব্রেরিগুলোর মধ্যে মাত্র চারটি মন্ত্রণালয়ের লাইব্রেরিয়ানের পদ প্রথম শ্রেণীভুক্ত। অবশিষ্ট মন্ত্রণালয়গুলোতে দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর পদমর্যাদার লাইব্রেরিয়ান ও সহকারী লাইব্রেরিয়ানের পদ রয়েছে। চাকরি জীবনে তাদের পদোন্নতির কোন ব্যবস্থা না থাকায় সারাজীবন একই পদে চাকরি করে বিদায় নিতে হচ্ছে। অথচ অনেক ক্ষেত্রে ফিডার পদের সুবাদে নিম্ন স্কেলধারীরাও পদোন্নতি পেয়ে তাদের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হয়ে যাচ্ছে।